

আজি আঁখি জুড়ালো হেরিয়ে,  
 আহা আঁখি জুড়ালো হেরিয়ে মনোমোহন, মিলনমাধুরী যুগলমুরতি ।  
 ফুলগন্ধে আকুল করে, বাজে বাঁশরি উদাস স্বরে,  
 নিকুঞ্জ প্লাবিত চন্দ্রকরে—  
 তারি মাঝে মনোমোহন মিলনমাধুরী, যুগলমুরতি ॥  
 আনো আনো ফুলমালা, দাও দোঁহে বাঁধিয়ে ।  
 হৃদয়ে পশিবে ফুলপাশ, অক্ষয় হবে প্রেমবন্ধন ।  
 চিরদিন হেরিব হে মনোমোহন মিলনমাধুরী, যুগলমুরতি ॥

---

Parjaay: Prem, Taal: Tritaal Bilambit, Raag: Bhimpalasi-Multan  
 Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail